AME(CCT)
08-04-2025

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
সমন্বয় শাখা

# ফেব্রুয়ারি ২০২৫ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ এহছানুল হক
সিনিয়র সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

তারিখ : ২৩ মার্চ ২০২৫
সময় : বিকাল: ০৩.৩০ ঘটিকা
স্থান : রেলপথ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (কক্ষ নম্বর-৯০৩)
উপস্থিত : পরিশিষ্ট - ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ পর্যায়ক্রমে উপস্থাপন করা হয়।

২। বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা অনুযায়ী নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

| ক্রম | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | **বিগত সভার কার্যবিবরণী নিশ্চিত করা**<br>২৬ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী সভায় পাঠ করা হয়। কার্যবিবরণীতে কোনো সংযোজন, বিয়োজন বা সংশোধন প্রস্তাব পাওয়া যায়নি। | বিগত সমন্বয় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ় করা হলো। | উপসচিব (সমন্বয় ও প্রশিক্ষণ) ও সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |
| ২. | **শূন্যপদ পূরণ:**<br>মন্ত্রণালয়/বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থার শূন্য পদ আগামী ১ মাসের মধ্যে পূরণের উদ্যোগ গ্রহণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয় হতে ১২.০২.২০২৫ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে। এছাড়া, মন্ত্রিপরিষদ বিভাগ ও প্রধান উপদেষ্টার কার্যালয় হতেও শূন্যপদসমূহ পুরণে নির্দেশনা রয়েছে। আলোচনান্তে নির্দেশনামতে সকল শূন্যপদ পূরণে দ্রুত কার্যক্রম গ্রহণের জন্য দপ্তর/সংস্থা প্রধানদের সভায় নির্দেশনা দেয়া হয়। | দপ্তর/সংস্থার সকল গ্রেডের শূন্য পদ পূরণের লক্ষ্যে দ্রুত কার্যক্রম গ্রহণ করতে হবে এবং এ বিষয়ে গৃহীত কার্যক্রম মন্ত্রণালয়কে অবহিত করতে হবে। | দপ্তর/সংস্থা প্রধান (সকল) |

৩. **অডিট আপত্তির বিবরণী:**

সভায় এ বিভাগ ও দপ্তর/সংস্থার অডিট সংক্রান্ত বিষয়ে নিম্নোক্ত তথ্য উপস্থাপন করা হয়:

| বিভাগ/দপ্তর/সংস্থা | প্রারম্ভিক জের | অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা | | | | মোট | বর্তমান মাসে নিষ্পত্তি | মোট অনিষ্পন্ন |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | সাধারণ | অগ্রিম | খসড়া | এ মাসে প্রাপ্ত | | | |
| সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ | ০৩ | ১ | ২ | - | - | ৩ | ০ | ০৩ |
| সওজ অধিদপ্তর | ৭৯১৭ | ১৩০৩ | ৬০১৬ | ৫৯৮ | ০ | ৭৯১৭ | ৭ | ৭৯১০ |
| বিআরটিসি | ১১৮৭ | ১৯৬ | ৮৯১ | ১০০ | ০ | ১১৮৭ | ১১ | ১১৭৬ |
| বিআরটিএ | ৩৯৪ | ১৫৩ | ২৪১ | ০ | ০ | ৩৯৪ | ০ | ৩৯৪ |
| ডিটিসিএ | ১৭ | ৫ | ১২ | ০ | ০ | ১৭ | ০ | ১৭ |
| ডিএমটিসিএল | ৩২ | ৮ | ২৪ | ০ | ০ | ৩২ | ০ | ৩২ |
| ঢাকা বিআরটি | ০১ | ০১ | ০ | ০ | ০৭ | ০৮ | ০ | ০৮ |
| মোট | ৯৫৫১ | ১৬৬৭ | ৭১৮৬ | ৬৯৮ | ০ | ৯৫৫৮ | ১৮ | ৯৫৪০ |

জানুয়ারি'২৫ মাসে অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা ছিল ৯৫৫১ টি। ফেব্রুয়ারি'২৫ মাসে ১৮টি অডিট আপত্তি নিষ্পত্তি এবং ০৭টি অডিট আপত্তি অন্তর্ভুক্ত হওয়ায় বর্তমানে অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা ৯৫৪০টি।

| আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|
| (১) সভায় গত সভার সিদ্ধান্ত পর্যালোচনায় জানানো হয় যে, ত্রি-পক্ষীয় সভা আয়োজনের জন্য অডিট অধিদপ্তরের সাথে যোগাযোগ অব্যাহত আছে। ফেব্রুয়ারি ২০২৫ মাসে ১টি ত্রি-পক্ষীয় সভা অনুষ্ঠিত হয়েছে। অতিরিক্ত সচিব (আরবান ট্রান্সপোর্ট) জানান যে, একই ধরণের অডিট আপত্তির পনরাবৃত্তি না হয় সে বিষয়ে যথাযথ কারণ উল্লেখপূর্বক যেমন: ভ্যাট আইটি কর্তন সংক্রান্ত পরিপত্র/সার্কুলার বা নতুন জারিকৃত কোনো সার্কুলার থাকলে তা প্রধান কার্যালয় হতে বছরে অন্তত একবার মাঠ পর্যায়ের অফিসগুলোতে পত্রের মাধ্যমে নির্দেশনা দেওয়া প্রয়োজন। এতে করে মাঠ পর্যায়ের অফিসসমূহ এ বিষয়ে সচেতন হবে এবং অডিট আপত্তির পুনরাবৃত্তি কমে আসবে। | (১) (ক) ত্রি-পক্ষীয় সভা আয়োজনের উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>(২) একই ধরণের অডিট আপত্তির কারণ উল্লেখপূর্বক বিদ্যমান পরিপত্র/সার্কুলার বা নতুন জারিকৃত কোনো সার্কুলার থাকলে তা প্রধান কার্যালয় হতে বছরে অন্তত একবার মাঠ পর্যায়ের অফিসগুলোতে নির্দেশনাসমূহ প্রেরণ করতে হবে। | সকল দপ্তর/সংস্থা প্রধান/অতিরিক্ত সচিব (বাজেট)/ পরিচালক (হিসাব ও নিরীক্ষা)/ উপসচিব (অডিট) |

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্তসমূহ</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td>৪.</td><td>সড়ক ও জনপথ অধিদপ্তর<br>ক. এডিপি'র প্যাকেজভিত্তিক বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন:<br>প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর জানান যে, সফটওয়্যারের প্রাথমিক কাজ সম্পন্ন হয়েছে। এ পর্যায়ে কিছু পরীক্ষা নিরীক্ষা চলছে। এডিপি'র সকল কাজের প্যাকেজভিত্তিক বাস্তবায়ন পরিকল্পনা ও পিএমপি কাজের বাস্তবায়ন পরিকল্পনা সফটওয়্যারের মাধ্যমে (পাইলটিং কার্যক্রম) আগামী এপ্রিল-মে ২০২৫ মাসে চালু করার প্রচেষ্টা অব্যাহত আছে।</td><td>এডিপি'র সকল কাজের প্যাকেজভিত্তিক বাস্তবায়ন পরিকল্পনা ও পিএমপি কাজের বাস্তবায়ন পরিকল্পনা সফটওয়্যারের মাধ্যমে (পাইলটিং কার্যক্রম) আগামী এপ্রিল-মে ২০২৫ মাসের মধ্যে শুরু করতে হবে।</td><td>প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর</td></tr>
<tr><td></td><td>গ. বৃক্ষরোপন:<br>প্রধান বৃক্ষপালনবিদ, সওজ অধিদপ্তর জানান,<br>(১) বৃক্ষরোপণ মৌসুম অনুযায়ী নিয়ন্ত্রিত সময় অনুসারে যথাযথ নিয়মে বৃক্ষরোপণ কাজ সম্পন্ন করা হয়েছে। নিয়মিত পরিচর্যা এবং গ্যাপ ফিলিং করার জন্য সংশ্লিষ্ট নির্বাহী বৃক্ষপালনবিদগণকে নির্দেশনা প্রদান করা হয়েছে। নির্দেশনা অনুযায়ী নির্বাহী বৃক্ষপালনবিদগণ কাজ তদারকি করছেন।<br>(২) প্রকল্পের আওতায় কর্তন করা বৃক্ষের স্থলে প্রকল্পের ভৌত অবকাঠামোগত কাজ সমাপ্ত হওয়ার পর সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক/নির্বাহী প্রকৌশলীগণের চাহিদার প্রেক্ষিতে রাস্তা ফাঁকা থাকা সাপেক্ষে নিয়ম অনুযায়ী বৃক্ষরোপণ কাজ চলমান রয়েছে।</td><td>(১) রোপিত বৃক্ষের নিয়মিত পরিচর্যা করতে হবে।<br>(২) প্রকল্পের আওতায় কর্তন করা বৃক্ষের স্থলে নিয়ম অনুযায়ী বৃক্ষরোপন কার্যক্রম অব্যাহত রাখতে হবে।</td><td>সকল দপ্তর/সংস্থা প্রধান/ মনিটরিং টিমের সকল সদস্য/প্রধান বৃক্ষপালনবিদ, সওজ</td></tr>
<tr><td></td><td>ঘ. ল্যান্ডস্কেপিং গাইডলাইন চূড়ান্তকরণ:<br>জনাব এস, এম, মাহবুব আলম (যুগ্মসচিব) ও NDC ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভাকে জানান যে, ল্যান্ডস্কেপিং গাইডলাইনটি পরীক্ষান্তে সঠিক আছে মর্মে প্রতীয়মান। এ বিষয়ে গাইড লাইনটি পর্যালোচনা/মতামতের জন্য পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ে প্রেরণ করা যেতে পারে।</td><td>প্রণীত খসড়া ল্যান্ডস্কেপিং গাইডলাইনটি পর্যালোচনা/মতামতের জন্য পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।</td><td>উপসচিব (সওজ সংস্থাপন-২)</td></tr>
<tr><td></td><td>ঙ. টোল আদায়:<br>(১) প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর জানান, টোল আদায়ের মাধ্যমে প্রায় দুই হাজার কোটি টাকা সরকারের রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রা রয়েছে। বর্তমানে ৯ টি সেতুতে টোল আদায় বন্ধ রয়েছে। এ বিষয়ে সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণকে পত্র দেয়া হয়েছে। ২০২৪-২০২৫ অর্থবছরের টোল আদায়ের মাসভিত্তিক পরিসংখ্যান নিম্নরূপ:
<table>
<tr><th>মাসের নাম</th><th>টাকার পরিমান (লক্ষ টাকায়)</th></tr>
<tr><td>জুলাই/২০২৪</td><td>১৩৫৯৭.৮৭</td></tr>
<tr><td>আগষ্ট/২০২৪</td><td>৭৬৯৮.৯৯</td></tr>
<tr><td>সেপ্টেম্বর/২০২৪</td><td>৯১০৭.২৪</td></tr>
<tr><td>অক্টোবর/২০২৪</td><td>১০০৯৩.৮৬</td></tr>
<tr><td>নভেম্বর/২০২৪</td><td>৯৩৯৮.৭৫</td></tr>
<tr><td>ডিসেম্বর/২০২৪</td><td>৯৯৮২.৩৮</td></tr>
<tr><td>জানুয়ারি/২০২৫</td><td>১১০৭৯.৪৮</td></tr>
<tr><td>ফেব্রুয়ারি/২০২৫</td><td>১০৩১৯.৪৩</td></tr>
<tr><td>মোট:</td><td>৮১২৭৮.০০</td></tr>
</table>
(২) আসন্ন ঈদকে সামনে রেখে সকল টোল প্লাজাসমূহে মনিটরিং ব্যবস্থা জোরদার করা হয়েছে এবং টোল বুথে নিরবচ্ছিন্ন গাড়ি চলাচলের বিষয়টি নিশ্চিত করতে লেন সংখ্যা বাড়ানো হয়েছে।</td><td>(১) বন্ধ টোলপ্লাজাসমূহ চালু করতে প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।<br>(২)(ক) আসন্ন ঈদকে সামনে রেখে সকল টোল প্লাজাসমূহে মনিটরিং ব্যবস্থা জোরদার করতে হবে।<br>(২)(খ) মন্ত্রণালয়ের মনিটরিং টীমের সকল সদস্যদেরকে নিয়মিত সংশ্লিষ্ট টোলপ্লাজাসমূহ পরিদর্শন করতে হবে।</td><td>প্রধান প্রকৌশলী, সওজ/ উপসচিব (টোল ও এক্সেল)/মনিটরিং টীম (সকল)</td></tr>
<tr><td></td><td>চ. সওজ অধিদপ্তরের ভূমি নামজারি সংক্রান্ত:<br>এস্টেট ও আইন কর্মকর্তা (ঢাকা জোন) জানান, জেলা পরিষদ ও অন্যান্য উৎস থেকে সওজ এর নামে হস্তান্তরিত জায়গার তালিকা ও গেজেটের কপি দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণের জন্য ইতোমধ্যে ২১টি সড়ক বিভাগ থেকে জবাব পাওয়া গেলেও তা সঠিক ও পরিপূর্ণ নয়। তাই সঠিক ও পরিপূর্ণ তথ্য প্রেরণের জন্য সকল সড়ক বিভাগকে পুনরায় তাগিদপত্র দেয়া হয়েছে। তালিকা ও গেজেটের কপি পাওয়া মাত্রই মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। হস্তান্তরিত ও অধিগ্রহণকৃত ভূমির যেগুলোর নামজারি হয়নি সে বিষয়ে দ্রুত ব্যবস্থা গ্রহণ করার জন্য সভায় গুরুত্বারোপ করা হয়।</td><td>(১) জেলা পরিষদ ও অন্যান্য উৎস থেকে সওজ এর নামে হস্তান্তরিত জায়গার তালিকা ও গেজেটের কপি দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>(২) হস্তান্তরিত ও অধিগ্রহণকৃত ভূমির যেগুলোর নামজারি হয়নি সেগুলোর দ্রুত নামজারির পদক্ষেপ নিতে হবে।</td><td>অতিরিক্ত সচিব (এস্টেট)/ প্রধান প্রকৌশলী, সওজ/যুগ্মসচিব (সম্পত্তি)/এস্টেট ও আইন কর্মকর্তা</td></tr>
</table>



CamScanner

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্তসমূহ</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td></td><td>

**ছ. Smart Case Management System:**

উপসচিব (আইন) জানান যে, উচ্চ আদালতে দায়েরকৃত মামলা Smart Case Management System-এ মামলার প্রাপ্ত সকল তথ্য সিস্টেমে আপডেটের কার্যক্রম অব্যাহত রয়েছে। সংস্থাভিত্তিক হালনাগাদ আপলোডকৃত মামলার পরিসংখ্যান সভায় উপস্থাপন করা হয়:

<table>
<tr><th>ক্রম</th><th>দপ্তর/সংস্থা</th><th>মামলার সংখ্যা</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>০১</td><td>সওজ অধিদপ্তর</td><td>৪৩০</td><td rowspan="6">মামলাসমূহ উচ্চ আদালত সংশ্লিষ্ট</td></tr>
<tr><td>০২</td><td>বিআ টিএ</td><td>২৯৩</td></tr>
<tr><td>০৩</td><td>বিআরটিসি</td><td>২৯</td></tr>
<tr><td>০৪</td><td>ডিটিসিএ</td><td>২</td></tr>
<tr><td>০৫</td><td>ডিএমটিসিএল</td><td>৫</td></tr>
<tr><td>০৬</td><td>ঢাকা বিআরটি</td><td>১</td></tr>
<tr><td colspan="2">মোট</td><td>৭৬০</td><td></td></tr>
</table>

</td><td>(১) মামলার হালনাগাদ তথ্যাদি যথাসময়ে Smart Case Management System-এ আপডেট রাখতে হবে।</td><td>দপ্তর/সংস্থা প্রধান (সকল)/ উপসচিব (আইন)/এস্টেট ও আইন কর্মকর্তা (সকল)</td></tr>
<tr><td></td><td>

**জ. উত্তরায় ঢাকা-ময়মনসিংহ মহাসড়কের পার্শ্বের ২৪ শতাংশ জায়গার রেকর্ড সংশোধন:**

এস্টেট ও আইন কর্মকর্তা (ঢাকা জোন) জানান যে, উত্তরায় ঢাকা-ময়মনসিংহ মহাসড়কের পার্শ্বে ফয়দাবাদ, জে.এল. নং-১৪ (সিটি জরিপ) সিমৌজার ২৪ শতাংশ জায়গার রেকর্ড সংশোধনের জন্য ২৭৬/২২ নং মিস কেইস দায়ের করা হলে সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয় এর স্মারক নং-৭৩১(সং), তারিখ ১৬ এপ্রিল ২০২৩ এর মাধ্যমে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত জেলা প্রশাসক, ঢাকা মহোদয়ের বরাবর মূল নথি প্রেরণ করা হয়েছে।

</td><td>উত্তরায় ঢাকা-ময়মনসিংহ মহাসড়কের পার্শ্বে ফয়দাবাদ, জে.এল.নং-১৪ (সিটি জরিপ) সিমৌজার ২৪ শতাংশ জায়গার রেকর্ড সংশোধনের বিষয়ে সংশ্লিষ্ট এসিল্যান্ড অফিস এবং জেলাপ্রশাসকের কার্যালয়ের সাথে যোগাযোগ রাখতে হবে।</td><td>প্রধান প্রকৌশলী, সওজ /এস্টেট ও আইন কর্মকর্তা, প্রধান কার্যালয়</td></tr>
<tr><td></td><td>

**ঝ. তেজগাঁও এলাকায় সওজ এর ২ একর জায়গা উদ্ধার**

এস্টেট ও আইন কর্মকর্তা (ঢাকা জোন) জানান যে, তেজগাঁও এলাকায় সওজ এর ২ একর জায়গা সিটি জরিপে জনৈক রেজাউল করিমের নামে করানো হয়। উক্ত জায়গা উদ্ধারের বিষয়ে বিজ্ঞ জেলা জজ আদালতে আপীল দায়েরের জন্য বিজ্ঞ প্যানেল আইনজীবী জনাব এসএম জহুরুল ইসলামকে তাগিদ দেওয়া হয়েছে।

</td><td>(১) তেজগাঁও এলাকায় সওজ এর ২ একর জায়গা জনৈক রেজাউল করিমের কাছ থেকে উদ্ধারের আইনি প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে এবং অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।</td><td>প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর/এস্টেট ও আইন কর্মকর্তা (প্রধান কার্যালয়/ঢাকা জোন)</td></tr>
<tr><td></td><td>

**ঞ. কল্যাণপুর এলাকায় সওজ অধিদপ্তরের জায়গায় নির্মিত ১৭ তলা ভবন (মিজান টাওয়ার) অপসারণ:**

এস্টেট ও আইন কর্মকর্তা (ঢাকা জোন) জানান যে, কল্যাণপুর এলাকায় সওজ অধিদপ্তরের জায়গায় নির্মিত ১৭তলা ভবন নিয়ে দায়েরকৃত ১২টি মামলার তথ্য পাওয়া গিয়েছে। তন্মধ্যে ৬টি উচ্চ আদালতে ৬টি নিম্ন আদালতে। ইতোমধ্যে ৩টি মামলা নিষ্পত্তি হয়েছে। ১টি মামলা সওজ অধিদপ্তর সংশ্লিষ্ট নয়। অপর ২টি মামলার কার্যক্রম পরিচালনার জন্য প্যানেল আইনজীবীর সাথে যোগাযোগ রাখা হচ্ছে।

</td><td>কল্যাণপুর এলাকায় সওজ অধিদপ্তরের জায়গায় নির্মিত ১৭তলা ভবন (মিজান টাওয়ার) অপসারণের উদ্দেশ্যে দায়েরকৃত মামলাগুলো নিষ্পত্তির লক্ষ্যে আইনী কার্যক্রম ও প্যানেল আইনজীবীর সাথে যোগাযোগ রাখতে হবে।</td><td>প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর/এস্টেট ও আইন কর্মকর্তা (প্রধান কার্যালয়/ঢাকা জোন)</td></tr>
<tr><td></td><td>

**ট. অবৈধ স্থাপনা অপসারণ:**

সওজ অধিদপ্তর হতে প্রাপ্ত ফেব্রুয়ারি ২০২৫ পর্যন্ত ভূমির পরিমান, উদ্ধারকৃত ভূমির পরিমান এবং সওজ ভূমিতে বিদ্যমান অবৈধ স্থাপনার সংখ্যা ও উচ্ছেদের তথ্য নিম্নরূপ:

অবৈধ স্থাপনা ও অপসারণের তথ্য:

<table>
<tr><th>উদ্ধারকৃত ভূমির পরিমান (শতাংশ)</th><th>উচ্ছেদকৃত অবৈধ স্থাপনার সংখ্যা</th></tr>
<tr><td>২৩১৯.৩৩</td><td>২২৭৮.০০</td></tr>
</table>

অবৈধ বিলবোর্ড স্থাপন ও অপসারণের তথ্য:

<table>
<tr><th>অবৈধভাবে স্থাপিত বিলবোর্ড/বিজ্ঞাপন বোর্ড এর সংখ্যা (ফেব্রুয়ারি'২৫ মাস পর্যন্ত)</th><th>ফেব্রুয়ারি'২৫ মাসে উচ্ছেদকৃত বিলবোর্ড/বিজ্ঞাপন বোর্ড এর সংখ্যা</th><th>হালনাগাদ অবৈধভাবে স্থাপিত বিলবোর্ড/বিজ্ঞাপন বোর্ড এর সংখ্যা</th></tr>
<tr><td>২৩৩৫</td><td>৮৮</td><td>২২৪৭</td></tr>
</table>

অবৈধ উচ্ছেদ কার্যক্রম অব্যাহত এবং উদ্ধারকৃত জায়গা দখলে রাখতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সভায় গুরুত্বারোপ করা হয়।

</td><td>(১) উচ্ছেদ কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে।<br>(২) উচ্ছেদ অভিযানের মাধ্যমে উদ্ধারকৃত জায়গা দখলে রাখতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।</td><td>প্রধান প্রকৌশলী, সওজ/অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল জোন)/ যুগ্মসচিব সচিব (এস্টেট)/ এস্টেট ও আইন কর্মকর্তা (সকল)</td></tr>
</table>



CamScanner

| ক্রম | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | **ঠ. ইলেক্ট্রনিক টোল কালেকশন (ETC) ব্যবহার:**<br>প্রধান প্রকৌশলী সভাকে অবহিত করেন যে, ইলেকট্রনিক টোল কালেকশন (ETC) ব্যবহারের ক্ষেত্রে যানবাহনের RFID ট্যাগটি সক্রিয় চলমান আছে কিনা তা টোল বুথ থেকে জানিয়ে দেয়ার বিষয়টি অব্যাহত রয়েছে। এছাড়া, ইটিসি ব্যবহারে আর্থিক সুবিধাসহ অন্যান্য সুবিধার বিষয়গুলো প্রচারের লক্ষ্যে MFS ও ব্যাংকসমুহের নিজস্ব উদ্যোগ ও ব্যবস্থাপনায় বিজ্ঞাপন প্রচারের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে। | (১) RFID ট্যাগ নষ্ট হওয়ার বিষয়টি টোল বুথ থেকে জানিয়ে দেয়ার বিষয়টি অব্যাহত রাখতে হবে।<br>(২) ইটিসি ব্যবহারে আর্থিক সুবিধাসহ অন্যান্য সুবিধার বিষয়গুলো উল্লেখ করে দৈনিক পত্রিকা, MFS ও ব্যাংকসমূহের নিজস্ব উদ্যোগ ও ব্যবস্থাপনায় বিজ্ঞাপন প্রচারের ব্যবস্থা করতে হবে। | চেয়ারম্যান, বিআরটিএ/প্রধান প্রকৌশলী, সওজ/উপসচিব (টোল ও এক্সেল)/সিনিয়র সিস্টেম এনালিস্ট (আরটিএইচডি) |
| | **ড. পেট্রোল পাম্পে প্রবেশ ও বহির্গমনের জন্য সওজ এর ভূমি ব্যবহারের ইজারা মূল্য প্রদান:**<br>সিনিয়র সহকারী সচিব (সম্পত্তি) জানান, কোন কোন প্রতিষ্ঠান ইজারা নবায়ন করেনি তার তালিকা এবং অনুমোদনহীন পেট্রোল পাম্পের তালিকা আলাদাভাবে প্রেরণের জন্য সওজ অধিদপ্তরকে অনুরোধ করা হয়েছে। তালিকা প্রাপ্তির পর এ বিষয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে। | কোন কোন প্রতিষ্ঠান ইজারা নবায়ন করেনি তার তালিকা এবং অনুমোদনহীন পেট্রোল পাম্পের তালিকা সওজ অধিদপ্তর হতে আলাদাভাবে এ বিভাগে প্রেরণ করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর/যুগ্মসচিব (এস্টেট) |
| | **ঢ. যুগোপযোগী টোল আদায় সিস্টেম চালু:**<br>প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর সভাকে অবহিত করেন যে, ঢাকা-মাওয়া এক্সপ্রেসওয়েতে যুগোপযোগী সিস্টেমে টোল আদায়ের লক্ষ্যে পদ্মা সেতুতে স্থাপিত অপটিক্যাল ফাইবার ব্যবহার এবং সার্ভার স্টেশন স্থাপন বিষয়ে সেতু কর্তৃপক্ষের সাথে MoU স্বাক্ষর হয়েছে। এজেন্ডাটি আগামী সভার কার্যপত্র হতে বাদ দেওয়ার জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। | এজেন্ডাটি আগামী সভার কার্যপত্র হতে বাদ দিতে হবে। | সিনিয়র সহকারী সচিব (সমন্বয়) |
| | **ণ. মহাসড়ক রক্ষণাবেক্ষণ নীতিমালা ২০২৫**<br>উপসচিব (রক্ষণাবেক্ষণ) জানান, সড়ক রক্ষণাবেক্ষণ নীতিমালা ২০২১ এর খসড়া এ বিভাগের ওয়েবসাইটে রয়েছে। সওজ অধিদপ্তর হতে হালনাগাদ কোনো খসড়া পাওয়া যায়নি। খসড়া নীতিমালাটি হালনাগাদ করে এ বিভাগে প্রেরণের জন্য প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তরকে নির্দেশনা দেওয়া হয়। | সড়ক রক্ষণাবেক্ষণ নীতিমালা হালনাগাদ করে দ্রুত এ বিভাগে প্রেরণ করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ/উপসচিব (রক্ষণাবেক্ষণ) |
| ৫. | **বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)**<br>**ক. ড্রাইভিং লাইসেন্স প্রদানকালীন পরীক্ষা গ্রহণ:**<br>চেয়ারম্যান, বিআরটিএ জানান, বর্তমানে ড্রাইভিং লাইসেন্স পরীক্ষা কেন্দ্রে পরীক্ষার্থীদের বায়োমেট্রিক হাজিরা গ্রহণের মাধ্যমে উপস্থিতি নিশ্চিত করা হয়। ড্রাইভিং লাইসেন্স প্রদানে প্রার্থীদের সঠিক নিয়মে পরীক্ষা গ্রহণ বিষয়ে মেট্রোপলিটন এলাকার জন্য অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেটের নেতৃত্বে সিভিল সার্জনের প্রতিনিধিসহ ০৬ সদস্য বিশিষ্ট এবং জেলা এলাকার জন্য ০৫ সদস্য বিশিষ্ট বোর্ডের মাধ্যমে যাচাই-বাছাই কার্যক্রম পরিচালিত হচ্ছে। পরীক্ষা কার্যক্রম মনিটরিং এর জন্য প্রথম পর্যায়ে ঢাকা মেট্রো সার্কেল-৩ কেন্দ্রে সিসি ক্যামেরা বসানো হয়েছে। পর্যায়ক্রমে ঢাকার সকল সার্কেল এবং দেশের সকল পরীক্ষা কেন্দ্রে সিসি ক্যামেরার আওতায় আনা হবে। | (১) ড্রাইভিং লাইসেন্স প্রদানে প্রার্থীদের সঠিক নিয়মে পরীক্ষা গ্রহণের বিষয়টি নিশ্চিত করতে হবে।<br>(২) পর্যায়ক্রমে দেশের সকল জেলার পরীক্ষা কেন্দ্রসমূহে সিসি ক্যামেরা বসাতে উদ্যোগ নিতে হবে। | চেয়ারম্যান, বিআরটিএ/সংশ্লিষ্ট বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট |
| | **খ. প্রশিক্ষণ প্রতিষ্ঠান কর্তৃক ড্রাইভিং লাইসেন্স প্রদান:**<br>চেয়ারম্যান, বিআরটিএ জানান, ড্রাইভিং লাইসেন্স পরীক্ষা কেন্দ্রে পরীক্ষার্থীদের বায়োমেট্রিক গ্রহণের মাধ্যমে উপস্থিতি নিশ্চিত করে ড্রাইভিং লাইসেন্স দক্ষতা যাচাই কমিটির (ডিসিটিসি) মাধ্যমে যাচাই-বাছাইপূর্বক ড্রাইভিং লাইসেন্স প্রদান কার্যক্রম চলমান। | যথাযথ নিয়ম অনুসরণপূর্বক বিআরটিএ'র মাধ্যমে ড্রাইভিং লাইসেন্স প্রদানের বিষয়টি নিশ্চিত করতে হবে। | চেয়ারম্যান, বিআরটিএ |
| | **গ. QR কোডযুক্ত ই-ড্রাইভিং লাইসেন্স প্রিন্ট:**<br>সহকারী সচিব (বিআরটিএ সংস্থাপন) জানান, PVC কার্ডে QR কোডযুক্ত ই-ড্রাইভিং লাইসেন্স প্রিন্টিং এর বিষয়ে বাংলাদেশ মেশিন টুলস ফ্যাক্টরী (বিএমটিএফ) এর প্রস্তাব নথিতে উপস্থাপন করা হয়েছে। | PVC কার্ডে QR কোডযুক্ত ই-ড্রাইভিং লাইসেন্স প্রিন্টিং করার বিষয়ে বিএমটিএফ এর প্রস্তাবের বিষয়ে দ্রুত সিদ্ধান্ত গ্রহণ করতে হবে। | চেয়ারম্যান, বিআরটিএ/যুগ্মসচিব (বিআরটিএ) |
| | **ঙ. ভেহিকল ইন্সপেকশন সেন্টার (ভিআইসি) স্থাপন ও পরিচালনা:**<br>চেয়ারম্যান, বিআরটিএ জানান যে-<br>(১) বিআরটিএ ঢাকা মেট্রো-১ সার্কেল, মিরপুর-১৩, ঢাকা কার্যালয়ের অভ্যন্তরে স্থাপিত ভিআইসি'টি ২০১৬ সালে ২ বছরের জন্য KOICA কর্তৃক একটি প্রকল্পের মাধ্যমে পুনঃনির্মাণ করে চালু করা হয়। ২০১৮ সালে উক্ত প্রকল্পের মেয়াদ শেষ হওয়ায় ২০২০ সাল পর্যন্ত ভিআইসি'টি চালু ছিল। বর্তমানে বন্ধ থাকা ভিআইসি চালু করার লক্ষ্যে PDPP প্রস্তুতপূর্বক গত ১৫-১২-২০২৪ তারিখে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে প্রেরণ করা হয়েছে।<br>(২) World Bank এর আর্থিক সহযোগিতায় নতুন ১০টি ভিআইসি স্থাপনের লক্ষ্যে গত ১২.১২.২০২৪ তারিখে PDPP সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে প্রেরণ করা হয়েছে। প্রেরিত PDPP এর উপর পরবর্তী কার্যক্রম হিসেবে DPP প্রস্তুতের কার্যক্রম চলমান রয়েছে। | (১) বন্ধ থাকা ভিআইসি চালু করার লক্ষ্যে বিআরটিএ হতে এ বিভাগে প্রাপ্ত PDPP এর ওপর পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>(২) নতুন ১০টি ভিআইসি স্থাপনের লক্ষ্যে বিআরটিএ হতে এ বিভাগে প্রাপ্ত PDPP এর উপর পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। | চেয়ারম্যান, (বিআরটিসি/ বিআরটিএ)/ অতিরিক্ত সচিব (পরিকল্পনা) |

CamScanner

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্তসমূহ</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td></td><td>চ. সড়ক নিরাপত্তা (Road Safety) সংক্রান্ত তথ্য:<br>(১) নিয়মিতভাবে সড়ক দুর্ঘটনার তথ্য সংগ্রহ করা হচ্ছে। বিআরটিএ কর্তৃক গৃহীত ব্যবস্থা ও সড়কের সার্বিক নিরাপত্তা সংক্রান্ত একটি প্রেস ব্রিফিং গত ১৯ ডিসেম্বর ২০২৪ তারিখ করা হয়। ফেব্রুয়ারি ২০২৫ মাসে সড়ক দুর্ঘটনার তথ্য নিম্নরূপ:<table><tr><th>দুর্ঘটনার সংখ্যা</th><th>নিহতের সংখ্যা</th><th>আহতের সংখ্যা</th></tr><tr><td>৫০১</td><td>৪৮২</td><td>৭১৮</td></tr></table>(২) সড়ক দুর্ঘটনা কমিয়ে আনার জন্য পত্রিকায় বিজ্ঞপ্তি প্রচার বিভিন্ন টিভি চ্যানেলে সড়ক নিরাপত্তামূলক তথ্য/স্লোগান ও টিভি ফিলার নিয়মিতভাবে প্রচার করা হচ্ছে।<br>(৩) সহকারী সচিব (সড়ক নিরাপত্তা) সভাকে অবহিত করেন, সড়ক নিরাপত্তা আইনের খসড়া প্রণয়নের লক্ষ্যে ইতোমধ্যে গঠিত কমিটির একাধিক সভা অনুষ্ঠিত হয়েছে। আগামী ১ মাসের মধ্যে চূড়ান্ত খসড়া প্রণয়নের লক্ষ্যে একটি সাব কমিটি গঠন করা হয়েছে। খসড়া চূড়ান্ত করার কার্যক্রম চলমান আছে।<br>(৪) সওজ অধিদপ্তর হতে জানানো হয়েছে, মহাসড়কে সকল ধরণের সাইন সিগন্যাল স্থাপনের কাজ শুরু হয়েছে। ইতোমধ্যে অনেক গুরুত্বপূর্ণ সড়কে রোড মার্কিংসহ সাইন সিগন্যাল স্থাপন করা হয়েছে।</td><td>(১) নিয়মিত সড়ক দুর্ঘটনার তথ্য সংগ্রহ অব্যাহত রাখতে হবে এবং সড়ক দুর্ঘটনার তথ্যের উপর প্রেস ব্রিফিং করতে হবে।<br>(২) সড়ক দুর্ঘটনা কমিয়ে আনার জন্য গুরুত্বপূর্ন স্পট ও জনসমাগমপূর্ণ এলাকায় প্রচার-প্রচারণা এবং পত্র-পত্রিকা ও গণমাধ্যমে সচেতনতামূলক লেখা বিজ্ঞাপন প্রচার অব্যাহত রাখতে হবে।<br>(৩) সড়ক নিরাপত্তা আইনের খসড়া এপ্রিল ২০২৫ মাসের মধ্যে চূড়ান্ত করতে হবে।<br>(৪) ঢাকার গুরুত্বপূর্ণ মহাসড়কসহ দেশের সকল মহাসড়কে সকল ধরণের সাইন সিগন্যাল স্থাপনের কাজ দ্রুত শেষ করতে হবে।</td><td>চেয়ারম্যান, বিআরটিএ/ যুগ্মসচিব (বিআরটিএ/রোড সেফটি)<br><br>প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর</td></tr>
<tr><td></td><td>ছ. মোবাইল কোর্ট পরিচালনা:<br>চেয়ারম্যান, বিআরটিএ সভাকে অবহিত করেন যে, বিআরটিএ'র নির্বাহী ম্যাজিস্ট্রেটগণ কর্তৃক অধিভুক্ত এলাকায় ও জাতীয় মহাসড়কে অবৈধ মোটরযান চলাচল বন্ধে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত আছে। ফেব্রুয়ারি/২৫ মাসে অবৈধ মোটরযান চলচলের বিরুদ্ধে ২২৩০টি মামলায় ৫২,০৬,৯০০/- টাকা জরিমানা আদায় হয়েছে এবং ৯৫টি গাড়ি ডাম্পিং করা হয়েছে।</td><td>বিআরটিএ'র নির্বাহী ম্যাজিস্ট্রেট ও জেলা প্রশাসনের সহযোগিতায় জাতীয় মহাসড়ক এবং শহরের বাইরে অবৈধ মোটরযান চলাচল বন্ধে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে হবে।</td><td>চেয়ারম্যান, বিআরটিএ/ উপসচিব (বিআরটিএ)</td></tr>
<tr><td></td><td>জ. স্ক্র্যাপ নীতিমালা:<br>চেয়ারম্যান, বিআরটিএ জানান যে, স্ক্র্যাপ নীতিমালা চূড়ান্ত করার লক্ষ্যে ২৩ মার্চ ২০২৫ তারিখ একটি আন্ত:মন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়েছে। পুনরায় এ বিষয়ে আরো একটি সভা আয়োজন করা হবে।</td><td>দ্রুত স্ক্র্যাপ নীতিমালা চূড়ান্ত করতে হবে।</td><td>চেয়ারম্যান (বিআরটিএ) যুগ্মসচিব (বিআরটিএ)</td></tr>
<tr><td></td><td>ঝ. গাড়ীতে আরএফআইডি ট্যাগ স্থাপন:<br>চেয়ারম্যান, বিআরটিএ সভাকে জানান যে, গাড়িতে আরএফআইডি ট্যাগ সংযোজন কার্যক্রম অব্যাহত আছে। ফেব্রুয়ারি/২০২৫ মাসে ৩২,৪২৮ সেট রেট্রো-রিফ্লেক্টিভ নম্বরপ্লেট ও আরএফআইডি ট্যাগ মোটরযানে সংযোজন করা হয়েছে। ঈদের পরে টোল প্লাজাসমূহে আরএফআইডি ট্যাগ লাগানোর কার্যক্রম গ্রহণ করা হবে।</td><td>গাড়িতে আরএফআইডি ট্যাগ সংযোজন কার্যক্রম অব্যাহত রাখতে হবে</td><td>চেয়ারম্যান, বিআরটিএ/ /যুগ্মসচিব (বিআরটিএ)</td></tr>
<tr><td></td><td>ঞ. ইলেকট্রিক মোটরযানের উপর সারচার্জ আরোপ:<br>সহকারী সচিব (বিআরটিএ) সভাকে অবহিত করেন যে, বিআরটিএ-এর প্রস্তাবের প্রেক্ষিতে ইলেক্ট্রিক মোটরযানের ওপর পরিবেশ সারচার্জ আরোপ না করার বিষয়ে NBR বরাবর গত ২৭ নভেম্বর ২০২৪ তারিখ পত্র দেওয়া হয়েছে। এ বিষয়ে NBR হতে এর কোনো জবাব পাওয়া যায়নি। NBR-কে তাগিদপত্র প্রদানের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।</td><td>ইলেক্ট্রিক মোটরযানের ওপর পরিবেশ সারচার্জ আরোপ না করার বিষয়ে NBR-কে তাগিদপত্র দিতে হবে।</td><td>চেয়ারম্যান, বিআরটিএ/যুগ্মসচিব (বিআরটিএ)</td></tr>
<tr><td></td><td>চ. বিআরটিএর সেবা সংশ্লিষ্ট সফটওয়্যার ডাটাবেইজ বিআরটি'র নিয়ন্ত্রণে আনা:<br>বিআরটিএ'র যে সকল সেবা সংশ্লিষ্ট সফটওয়্যার ডাটাবেইজ বিভিন্ন ভেন্ডর প্রতিষ্ঠান ও অনান্য প্রতিষ্ঠানের কাছে আছে তা বিআরটিএ'র নিয়ন্ত্রণে আনার জন্য সভাপতি চেয়ারম্যান, বিআরটিএ ও এ বিভাগের সিনিয়র সিস্টেম এনালিস্টকে নির্দেশনা প্রদান করেন।</td><td>বিভিন্ন ভেন্ডর প্রতিষ্ঠান ও অন্যান্য প্রতিষ্ঠানের নিকট থেকে বিআরটিএ'র সকল সেবা সংশ্লিষ্ট সফটওয়্যার ডাটাবেইজ বিআরটিএ'র নিয়ন্ত্রণে আনতে হবে।</td><td>চেয়ারম্যান (বিআরটিএ)/ সিনিয়র সিস্টেম এনালিস্ট,</td></tr>
<tr><td>৬.</td><td>বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন:<br>ক. বিআরটিসি'র নিজস্ব সক্ষমতায় গাড়ী প্রস্তুত:<br>চেয়ারম্যান, বিআরটিসি জানান, নিজস্ব সক্ষমতায় ২টি গাড়ী প্রস্তুত করার লক্ষ্যে ইঞ্জিনসহ চেসিস ক্রয় করার লক্ষ্যে দরপত্র আহবান করা হলে ০৩টি দরপত্র পাওয়া যায়। নির্ধারিত রেটের চেয়ে বেশী রেট হওয়ায় দরপত্র বাতিল করে পুনরায় দরপত্র আহবান করা হবে।</td><td>সকল প্রক্রিয়া অনুসরণপূর্বক পুনরায় দরপত্র আহবান করতে হবে।</td><td>চেয়াম্যান, বিআরটিসি</td></tr>
</table>

CamScanner

| ক্রম | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | **খ. পরিচালনা পরিষদ:**<br>সিনিয়র সহকারী সচিব (বিআরটিসি) জানান যে, পরিচালনা পরিষদ পুনর্গঠনের লক্ষ্যে সকল বিভাগীয় কমিশনার কার্যালয় হতে প্রতিনিধির মনোনয়ন পাওয়া গেছে। পরবর্তী কার্যক্রম চলমান। | দ্রুত বিআরটিসি'র পরিচালনা পরিষদ গঠন করতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন) |
| ৭. | **ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ:**<br>**ক. Special Purpose Company (SPC) গঠন আইন প্রণয়ন: (ক্লিয়ারিং হাউজ ব্যবস্থাপনা আইন, ২০২৪)**<br>(১) উপসচিব (ডিটিসিএ) জানান, ডিটিসিএ কর্তৃক পরিচালিত ক্লিয়ারিং হাউজ এবং Rapid pass সিস্টেম ব্যবস্থাপনা কার্যক্রমের সার্বিক পরিস্থিতি এবং ভবিষ্যতে কর্মপন্থা নির্ধারণের লক্ষ্যে পরিদর্শন টিম গত ২৭ জানুয়ারি ২০২৫ তারিখে ডিটিসিএ'র ক্লিয়ারিং হাউজ পরিদর্শন করেন। এ বিষয়ে প্রতিবেদন পাওয়া গিয়েছে। দ্রুত নথি উপস্থাপন করা হবে। | র‍্যাপিড পাস ও ক্লিয়ারিং হাউজ সিস্টেমের কার্যপদ্ধতি ও ভবিষ্যৎ কর্মপরিকল্পনা বিষয়ে সরেজমিন পরিদর্শন প্রতিবেদন দ্রুত উপস্থাপন করতে হবে। | নির্বাহী পরিচালক (ডিটিসিএ)/ যুগ্মসচিব (এমআরটি)/ উপসচিব (ডিটিসিএ) |
| | **খ. বাস পরিবহন সেবা ও বিশেষ অধিকার (রুট ফ্রাঞ্চাইজ), বিধিমালা ২০২৫:**<br>সভাকে অবহিত করা হয় যে, বাস পরিবহন সেবা পরিচালনা ও বিশেষ অধিকার (রুট ফ্রাঞ্চাইজ) বিধিমালা-২০২৪ এর খসড়ার ওপর সর্বশেষ ০৯ মার্চ ২০২৫ তারিখ অতিরিক্ত সচিব (আরবান ট্রান্সপোর্ট) মহোদয়ের সভাপতিত্বে সভা অনুষ্ঠিত হয়। শীঘ্রই আরো একটি সভা অনুষ্ঠিত হবে। World Bank এর প্রস্তাবনাসহ অন্যান্য দিক পর্যালোচনা করে দ্রুত বিধিমালা চূড়ান্ত করার জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। | World Bank এর প্রস্তাবনাসহ অন্যান্য দিক পর্যালোচনা করে বাস পরিবহন সেবা ও বিশেষ অধিকার (রুট ফ্রাঞ্চাইজ), বিধিমালা ২০২৫ চূড়ান্ত করতে হবে। | অতিরিক্ত সচিব (আরবান ট্রান্সপোর্ট)/ নির্বাহী পরিচালক, ডিটিসিএ/যুগ্মসচিব (ডিটিসিএ) |
| | **গ. ভবিষ্য তহবিল প্রবিধানমালা ২০২৫**<br>নির্বাহী পরিচালক, ডিটিসিএ জানান, কর্মচারিদের জন্য প্রদেয় ভবিষ্য তহবিল প্রবিধানমালা ২০২৫ এর খসড়া অনুমোদনের জন্য বোর্ড সভায় উপস্থাপন করা হবে। | ভবিষ্য তহবিল প্রবিধানমালা ২০২৫ এর খসড়া বোর্ড সভায় উপস্থাপন করে অনুমোদনের ব্যবস্থা করতে হবে। | অতিরিক্ত সচিব (এস্টেট/আরবান ট্রান্সপোর্ট)/নির্বাহী পরিচালক, ডিটিসিএ |
| ৮. | **ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)**<br>**মেট্রোরেলের সিঙ্গেল জার্নি টিকেট বিষয়ে সিদ্ধান্ত:**<br>নির্বাহী পরিচালক, ডিটিসিএ সভাকে জানান, মেট্রোরেলের সিঙ্গেল জার্নি টিকেট চালুর বিষয়ে সিদ্ধান্ত হয়েছে। এ বিষয়ে কার্যক্রম চলমান | সিঙ্গেল জার্নি টিকেট চালুর বিষয়ে পরবর্তী সভায় অগ্রগতি জানাতে হবে। | নির্বাহী পরিচালক (ডিটিসিএ)/ অতিরিক্ত সচিব (আরবান ট্রান্সপোর্ট)/ ব্যবস্থাপনা পরিচালক (ডিএমটিসিএল) |
| ৯. | **ঢাকা বিআরটি :**<br>**ক বিআরটি বাস টার্মিনালের জায়গা নির্ধারণ:**<br>ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বিআরটি সভাকে জানান যে, ভূমি ব্যবহার পরিকল্পনা প্রণয়ন কমিটির সাথে যোগাযোগ অব্যাহত আছে। বাংলাদেশ রেলওয়ের প্রস্তাব অনুযায়ী এয়ারপোর্ট স্টেশন এলাকার বিকল্প হিসেবে নবরূপা এলাকায় এয়ারপোর্ট ৩য় টার্মিনাল-এর বিপরীতে এলিভেটেড এক্সপ্রেসওয়ের র‍্যাম্প -এর নিচে পিয়ার ০৪ হতে পিয়ার ১১ পর্যন্ত জায়গায় সার্ভে করে পার্কিং লে-আউট প্রস্তুত ও ভেহিক্যাল ট্র্যাকিং সফটওয়্যারের মাধ্যমে বাস টার্নিং-এর পরিবীক্ষণ কাজ চলমান। বাস টার্নিং ও এন্ট্রি-এক্সিট প্ল্যান কার্যকর হলে উক্ত জায়গার জন্য অন্যান্য দপ্তর/সংস্থা থেকে রাইট অব ওয়ে চাওয়া হবে। | ভূমি ব্যবহার পরিকল্পনা প্রণয়ন কমিটির সাথে যোগাযোগ করে দ্রুত বিষয়টি নিষ্পত্তি করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ/ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বিআরটি/অতিরিক্ত সচিব (আরবান ট্রান্সপোর্ট)/এস্টেট ও আইন কর্মকর্তা, প্রধান কার্যালয় |
| | **খ. ঢাকা বিআরটি কোম্পানি লিমিটেড এর অর্গানোগ্রাম চূড়ান্তকরণ:**<br>মানব সম্পদ স্পেশালিষ্ট কর্তৃক প্রাথমিক অর্গানোগ্রাম কোম্পানির নিকট দাখিল করা হয়েছে। যাচাই-বাছাই কার্যক্রম অব্যাহত আছে। যাচাই-বাছাই শেষ হলে কমিটির নিকট দাখিল করা হবে। পরবর্তীতে বোর্ড সভায় উপস্থাপন করা হবে। | আগামী ১ মাসের মধ্যে জনবলের অর্গানোগ্রাম চূড়ান্ত করতে হবে। | ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বিআরটি |
| | **গ. অন্তর্বর্তীকালীন বাস অপারেটর হিসেবে বিআরটিসির সাথে MoU স্বাক্ষর:**<br>ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বিআরটি জানান, অন্তর্বর্তীকালীন বাস অপারেটর হিসেবে পরিচালনার জন্য খাতভিত্তিক ব্যয় বিভাজন বিআরটিসি হতে পাওয়া গিয়েছে। কোম্পানির পরবর্তী পর্ষদ সভায় উপস্থাপন করে এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হবে। | খাতভিত্তিক ব্যয় বিভাজন পরিচালনা পরিষদ সভায় উপস্থাপন করতে হবে এবং আগামী ১ মাসের মধ্যে MoU চূড়ান্ত করতে হবে। | চেয়ারম্যান, বিআরটিসি/ ব্যবস্থাপনা পরিচালক (ঢাকা বিআরটি)/অতিরিক্ত সচিব( আরবান ট্রান্সপোর্ট) |
| | **ঘ. বিআরটিএ করিডোরে টোল আদায়:**<br>বিআরটি করিডোরে টোল আদায়ের লক্ষ্যে স্থান নির্বাচন, অপারেটর নিয়োগ, টোল নির্ধারণ বিষয়ে সভায় আলোচনা হয়। প্রধান প্রকৌশলী (সওজ অধিদপ্তর), অতিরিক্ত সচিব (আরবান) ট্রান্সপোর্ট), নির্বাহী পরিচালক (ডিটিসিএ), ব্যবস্থাপনা পরিচালকসহ (ঢাকা বিআরটি) সংশ্লিষ্ট সকলের সাথে আলোচনা করে এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। | বিআরটি করিডোরে টোল আদায়ের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলের সাথে আলোচনা করে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে। | প্রধান প্রকৌশলী (সওজ অধিদপ্তর)/অতিরিক্ত সচিব (আরবান) ট্রান্সপোর্ট)/নির্বাহী পরিচাল (ডিটিসিএ)/ ব্যবস্থাপনা পরিচাল (ঢাকা বিআরটি) |

CamScanner

| ক্রম | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১০. | **সরকারের বিশেষ উদ্যোগসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:**<br>**ক. Grivance Redress System (GRS):**<br>জিআরএস ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান যে, ফেব্রুয়ারি ২০২৫ মাসে মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটের মাধ্যমে ১৮টি অভিযোগ/মতামত পাওয়া গেছে। পূর্ববর্তী ০৮টিসহ মোট ২৬টি অভিযোগ/মতামতের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা বরাবরে প্রেরণ করা হয়েছে। | অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা, ২০১৫ মোতাবেক অভিযোগ নিষ্পত্তি কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে প্রাপ্ত অভিযোগ দ্রুত নিষ্পত্তি করতে হবে। | দপ্তর/সংস্থা প্রধান/ GRS ফোকাল পয়েন্ট কর্মকর্তা/সিনিয়র সিস্টেম এনালিস্ট |
| | **খ. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)**<br>ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান এপিএ কার্যক্রম আপাতত স্থগিত আছে। এপিএ'র যে লক্ষ্যমাত্রা রয়েছে সেগুলো বাস্তাবয়ন করা হবে কিনা সে বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা পেলে তা সকলকে জানানো হবে মর্মে সভায় সিদ্ধান্ত হয়। | এপিএ বাস্তবায়ন বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা জানতে হবে। | এপিএ টিম লিডার, আরটিএইচডি/ ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| | **গ. Public Service Innovation:**<br>(১) ইনোভেশন অফিসার সভাকে অবহিত করেন যে, সংশ্লিষ্টদের সাথে পরামর্শক্রমে আগামী ১ বছরের ইনোভেশন পরিকল্পনা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে।<br><br>(২) সড়ক নির্মাণে আয়রন স্ল্যাগ ব্যবহারের সম্ভাব্যতা যাচাই-এর উদ্যোগ গ্রহণের জন্য সড়ক গবেষণাগারকে কার্যক্রম গ্রহণের জন্য অবহিত করা হয়েছে। সম্ভাব্যতা পরীক্ষা-নিরীক্ষা করা হচ্ছে।<br><br>(৩) সিনিয়র সিস্টেম এনালিস্ট জানান, ডিটিসিএ নিজস্ব আইসিটি জনবল ও দেশীয় প্রযুক্তির মাধ্যমে QR কোডভিত্তিক অনলাইন ও পেপার বেইজ টিকেট/সিস্টেম উদ্ভাবন করেছে। যা মেট্রোস্টেশনে ব্যবহার করা যাবে। সিস্টেমটি চালু করা গেলে জনসাধারণের টিকেট প্রাপ্তির ক্ষেত্রে দুর্ভোগ কমবে। উদ্ভাবনকৃত সিস্টেমটি এ বিভাগের প্রতিনিধি, ডিটিসিসিএ ও ডিএমটিসিএল'র প্রতিনিধির সমন্বয়ে পরীক্ষা-নিরীক্ষা করে বাস্তবায়নের বিষয়ে উদ্যোগ গ্রহণের জন্য সভাপতি নির্বাহী পরিচালক, ডিটিসিএ ও ব্যবস্থাপনা পরিচালক ও ডিএমটিসিএলকে পরামর্শ প্রদান করেন। | (১) পরিকল্পনা অনুযায়ী ইনোভেশন আইডিয়া বাস্তবায়নের উদ্যোগ নিতে হবে।<br>(২) সড়ক ও জনপথ অধিদপ্তরের সড়ক গবেষনাগার হতে সড়ক নির্মাণে আয়রন স্ল্যাগ ব্যবহারের সম্ভাব্যতা পরীক্ষা-নিরীক্ষা সম্পন্ন করে<br>(৩) মেট্রোরেলে QR কোডভিত্তিক অনলাইন ও পেপার বেইজ টিকেট/সিস্টেম চালুর বিষয়ে উদ্ভাবনী ধারণাটি এ বিভাগের প্রতিনিধি, ডিটিসিসিএ ও ডিএমটিসিএল'র প্রতিনিধির সমন্বয়ে পরীক্ষা-নিরীক্ষা করে বাস্তবায়নের উদ্যোগ নিতে হবে। | সকল দপ্তর/সংস্থা প্রধান/চীফ ইনোভেশন অফিসার/ ইনোভেশন সংক্রান্ত কর্মকর্তা<br><br>প্রধান প্রকৌশল, সওজ অধিদপ্তর<br><br>নির্বাহী পরিচালক (ডিটিসিএ)/ ব্যবস্থাপনা পরিচাল (ডিএমটিসিএল) |
| | **ঘ. টেকসই উন্নয়ন অভিষ্ট (এসডিজি) বাস্তবায়ন:**<br>সিনিয়র সহকারী সচিব (পরিকল্পনা ও পরিসংখ্যান) জানান যে, ০১ ডিসেম্বর ২০২৪ তারিখ সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে এসডিজি বিষয়ে সভা অনুষ্ঠিত হয়েছে। ইতোমধ্যে সভার কার্যবিবরণী উপস্থাপন করা হয়েছে। | সভার সিদ্ধান্ত অনুযায়ী এসডিজি বাস্তবায়নে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। | দপ্তর/সংস্থা প্রধান (সকল)/পরিকল্পনা (উইং)/এসডিজি বিষয়ক কর্মকর্তা |
| | **ঙ. ই-নথি/ডি-নথি বাস্তবায়ন কার্যক্রম:**<br>প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর জানান, মাঠ পার্যায়ে অফিসসমূহকে ডি-নথির আওতায় আনার লক্ষ্যে গত ০৫ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে এটুআইকে পত্র প্রেরণের লক্ষ্যে মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। | সওজ অধিদপ্তরের মাঠ পর্যায়ে অফিসসমূহকে ডি-নথির আওতায় আনার লক্ষ্যে এটুআই বরাবর পত্র দিতে হবে | প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর/ সিনিয়র সিস্টেম এনালিস্ট |
| ১১. | **বিবিধ**<br>**ক. উপদেষ্টা পরিষদ/মন্ত্রিপরিষদ বৈঠকে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:**<br>সভায় জানানো হয়, উপদেষ্টা পরিষদ/মন্ত্রিসভা বৈঠকে গৃহীত সিদ্ধান্তের মধ্যে ৪টি সিদ্ধান্ত অবাস্তবায়িত রয়েছে। এর মধ্যে ৩টি আন্তর্জাতিক চুক্তি সংক্রান্ত যা কানেক্টিভিটি শাখায় প্রক্রিয়াধীন। অপর ১টি BOOT ভিত্তিতে Construction of 2nd Dhaka-Chittagong National Highway প্রকল্প বেসরকারি অবকাঠামো প্রকল্প হিসেবে তালিকাভুক্তির প্রস্তাব অনুমোদন সংক্রান্ত; যা বাতিলের বিষয়ে সারসংক্ষেপ গত ৩১.০১.২০২৪ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। | উপদেষ্টা পরিষদ/মন্ত্রিসভা বৈঠকের সিদ্ধান্ত বাস্তবায়নে সংশ্লিষ্ট উইং/শাখা হতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর/ যুগ্মসচিব (কানেক্টিভিটি) উপসচিব (সমন্বয় ও প্রশিক্ষণ) |
| | **খ. ইন্টার্নশিপ কোর্স চালু:**<br>ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব আসফিয়া সুলতানা, উপসচিব জানান, ২০২৪-২৫ অর্থবছরের দপ্তর/সংস্থার ইন্টার্নশীপ বাস্তবায়নের বিষয়টি নিয়মিত তদারকি করা হচ্ছে। বিভাগের ১ জন ইন্টার্ন নিয়োগের লক্ষ্যে গত ১৬.০৩.২০২৫ তারিখে নিয়োগপত্র ইস্যু করা হয়েছে। | (১) দপ্তর/সংস্থার ইন্টার্নশীপ বাস্তবায়নের বিষয়টি নিয়মিত তদারকি করতে হবে।<br>(২) এ বিভাগের ১ জন ইন্টার্ন যোগদানের পর ১ জন কর্মকর্তার তত্ত্বাবধানে কাজে নিয়োজিত করতে হবে। | দপ্তর/সংস্থা প্রধান (সকল)/জনাব আসফিয়া সুলতানা, উপসচিব, ফোকাল পয়েন্ট কর্মকর্তা চেয়ারম্যান, বিআরটিসি |

CamScanner

| ক্রম | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | **গ. বুয়েট ও অন্যান্য প্রযুক্তি বিশ্ববিদ্যালয়সমূহের সাথে এ বিভাগের সম্পর্ক স্থাপন:**<br>(১) প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর জানান, বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীদের প্রকৌশলগত বিষয়ে ব্যবহারিক শিক্ষা প্রদানের উদ্দেশ্যে এবং উদ্ভাবনী ধারণা (যেমন: আয়রণ স্ল্যাগ ব্যবহার) অন্তর্ভুক্ত করে খসড়া নীতিমালা তৈরী করা হয়েছে। নীতিমালা পরীক্ষা নিরীক্ষার জন্য অভিজ্ঞ কর্মকর্তাদের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হয়েছে।<br>(২) চেয়ারম্যান, বিআরটিসি জানান যে, বিআরটিসিতে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের ছাত্র-ছাত্রীদের ইন্ডাস্ট্রিয়াল এটাচমেন্টের বিষয়টি চলমান।<br>(৩) নির্বাহী পরিচালক, ডিটিসিএ জানান, প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের ডিটিসিএ'র কার্যক্রম সম্পর্কে পরিচিতকরণের লক্ষ্যে বিশেষ লার্নিং সেশনে আমন্ত্রণের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করা হচ্ছে। | (ক) বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীদের প্রকৌশলগত বিষয়ে ব্যবহারিক শিক্ষা প্রদান এবং উদ্ভাবনী ধারণা অন্তর্ভুক্ত করে সড়ক নির্মাণ ব্যয় হ্রাসকরণ বিষয়ে প্রস্তুতকৃত নীতিমালা যাচাই-বাছাই করে আগামী সভার পূর্বেই এ বিভাগে প্রেরণ করতে হবে।<br>(২) বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের ছাত্র-ছাত্রীদের ইন্ডাস্ট্রিয়াল এটাচমেন্টের বিষয়টি চলমান রাখতে হবে।<br>(৩) প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের ডিটিসিএ'র কার্যক্রম সম্পর্কে পরিচিতকরণের লক্ষ্যে বিশেষ লার্নিং সেশনে যুক্ত করতে হবে। | চেয়ারম্যান, (বিআরটিসি)/ নির্বাহী পরিচালক (ডিটিসিএ)/প্রধান প্রকৌশলী, সওজ |
| | **ঘ. দপ্তর/সংস্থার প্রশিক্ষণ আয়োজন:**<br>উপসচিব (সমন্বয় ও প্রশিক্ষণ) জানান, দপ্তর/সংস্থার ২০২৪-২০২৫ অর্থবছরের প্রশিক্ষণ ক্যালেন্ডার অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে। এ বিষয়ে যুগ্মসচিব (জিওবি) জানান, সওজ অধিদপ্তরের অভ্যন্তরীণ প্রশিক্ষণে বিভিন্ন ম্যানুয়ালের উপর (যেমন: ডিজাইন ম্যানুয়েল, স্পেসিফিকেশন ম্যানুয়াল ইত্যাদি) সংশ্লিষ্টদের সম্যক ধারণা প্রদানের লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান প্রয়োজন। এছাড়া, আওতাধীন দপ্তর/সংস্থার টেকনিক্যাল কাজের উপর সম্যক ধারণা প্রদানের লক্ষ্যে একটি Induction training program আয়োজনের বিষয়ে সভায় আলোচনা হয়। আলোচনান্তে এ বিভাগের ICT unit কর্তৃক আগামী এপ্রিল ২০২৫ এর মধ্যে টেকনিক্যাল বিষয়ের ওপর একটি concept paper প্রস্তুত করার জন্য অতিরিক্ত সচিব (প্রশাসন) এ বিভাগের সিস্টেম এনালিস্টকে নির্দেশনা প্রদান করেন। | (১) ২০২৪-২০২৫ অর্থবছরে প্রশিক্ষণ ক্যালেন্ডার অনুযায়ী প্রশিক্ষণ অব্যাহত রাখতে হবে এবং প্রতি মাসের প্রশিক্ষণের তথ্য প্রেরণ করতে হবে।<br>(২) সওজ অধিদপ্তরের নিজস্ব বিভিন্ন ম্যানুয়ালের উপর সংশ্লিষ্টদের অভ্যন্তরীণ প্রশিক্ষণের আয়োজন করতে হবে।<br>(৩) নন টেকনিক্যালদের জন্য একটি Induction training program আয়োজনের লক্ষ্যে এ বিভাগের ICT unit-কে আগামী এপ্রিল ২০২৫ এর মধ্যে একটি Concept paper প্রস্তুত করতে হবে। | দপ্তর/সংস্থা প্রধান (সকল)/উপসচিব (সমন্বয় ও প্রশিক্ষণ)<br>প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর<br>সিনিয়র সিস্টেম এনালিস্ট/সিস্টেম এনালিস্ট |
| | **ঙ. সমন্বিত সংস্কার পরিকল্পনা বাস্তবায়ন:**<br>জনাব মুহাম্মদ কামরুল হাসান, যুগ্মসচিব জনান যে, মন্ত্রিপরিষদ বিভাগের পর্যবেক্ষণ অনুযায়ী এ বিভাগের সংস্কার পরিকল্পনা সংশোধনক্রমে গত ১৮.১২.২০২৪ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে এবং EMS সফটওয়ারে আপলোড দেয়া হয়েছে। সংস্কার পরিকল্পনা অনুযায়ী কার্যক্রম গ্রহণের জন্য দপ্তর/সংস্থা প্রধানদের পত্র দেয়া হয়েছে। এ বিষয়ে বাস্তবায়ন অগ্রগতি এ বিভাগকে অবহিত করার জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। | সংশোধিত সংস্কার পরিকল্পনা অনুযায়ী কার্যক্রম গ্রহণ এবং প্রতি মাসের ৫ তারিখের মধ্যে অগ্রগতি প্রতিবেদন এ বিভাগে প্রেরণ করতে হবে। | অতিরিক্ত সচিব (সকল)/চেয়ারম্যান (বিআরটিসি/ বিআরটিএ)/নির্বাহী পরিচালক, ডিটিসিএ/ব্যবস্থাপনা পরিচালক (ডিএমটিসিএল/ঢাকা বিআরটি)/ মুহাম্মদ কামরুল হাসান, যুগ্মসচিব |
| | **চ. এ বিভাগ কর্তৃক চাহিত তথ্যাদি নির্ধারিত সময়ে প্রেরণ:**<br>জনাব মুহাম্মদ কামরুল হাসান, যুগ্মসচিব সভার সংস্থা প্রধানদের দৃষ্টি আকর্ষণ করে বলেন যে, [illegible] মন্ত্রণালয়, মন্ত্রিপরিষদ বিভাগ, অর্থ বিভাগসহ অন্যান্য বিভাগ/মন্ত্রণালয় হতে বিভিন্ন বিষয়ে নির্ধারিত সময়ের মধ্যে তথ্য/প্রতিবেদন চাওয়া হয়। ইতোমধ্যে দেখা যাচ্ছে যে, চাহিত তথ্য [illegible] দপ্তর/সংস্থার পত্র দেওয়া হলেও সঠিক সময়ে তা প্রেরণ করা হচ্ছে না। তাছাড়া, প্রতি মাসের [illegible] তারিখের মধ্যে নির্দিষ্ট কিছু বিষয়ে তথ্য/প্রতিবেদন দপ্তর/সংস্থা হতে প্রেরণের [illegible] নির্ধারিত সময়ের মধ্যে না পাওয়ায় সমন্বিত প্রতিবেদন মন্ত্রণালয়/বিভাগে [illegible] না। তাই এ বিভাগ হতে চাহিত তথ্যাদি নির্ধারিত সময়ের মধ্যে [illegible] সভায় অনুরোধ করা হয়। | এ বিভাগ কর্তৃক চাহিত তথ্য/প্রতিবেদন নির্ধারিত সময়ে আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে। | দপ্তর/সংস্থা প্রধান (সকল) |

CS CamScanner

| ক্রম | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | **ছ. এ বিভাগের দপ্তর/সংস্থার উল্লেখযোগ্য অর্জন সংক্রান্ত:**<br>সভাপতি জানান যে, অন্তর্বর্তী সরকারের গত ৮ মাসে দপ্তর/সংস্থার উল্লেখযোগ্য তেমন কোনো সংস্কার/দৃশ্যমান অর্জন পরিলক্ষিত হয়নি মর্মে মাননীয় উপদেষ্টা জানিয়েছেন। এখন পর্যন্ত পূর্বের ন্যায় সড়কে চাঁদাবাজি, প্রাণহানী ঘটছে। তাছাড়া, সড়ক নিরাপত্তার বিভিন্ন উল্লেখযোগ্য বিষয়াদি যেমন: সড়কে রোড সাইন ও সিগন্যাল পোস্ট না থাকায় প্রতিনিয়ত দুর্ঘটনা ঘটছে। ড্রাইভিং লাইসেন্স নিয়ে এখনও জনসাধারণের মধ্যে অসন্তুষ্টি রয়েছে। তাই সড়কে শৃঙ্খলা ফিরিয়ে আনা এবং বিআরটিএ'র সেবা প্রদানে মানুষের সন্তুষ্টি অর্জনে বিশেষ পদক্ষেপ গ্রহণের জন্য সভাপতি প্রধান প্রকৌশলী (সওজ) ও চেয়ারম্যান (বিআরটিএ) সহ অন্যান্য দপ্তর/প্রধানদের নির্দেশনা প্রদান করেন। | (১) সড়কে শৃঙ্খলা ফিরিয়ে আনা এবং বিআরটিএ'র সেবা প্রদানে বিশেষ পদক্ষেপ নিতে হবে।<br>(১) প্রত্যেক দপ্তর/সংস্থাকে উল্লেখযোগ্য সংস্কার কর্মসূচি গ্রহণপূর্বক তা এ বিভাগকে জানাতে হবে। | দপ্তর/সংস্থা প্রধান (সকল) |

০৩। আলোচ্যসূচিতে আর কোন বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে ও গৃহীত সিদ্ধান্তসমূহ দ্রুত সময়ে বাস্তবায়নের অনুরোধ করে সভা সমাপ্ত করেন।

স্বাক্ষরিত/-
০৬.০৪.২০২৫
মোঃ এহছানুল হক
সিনিয়র সচিব

কার্যবিবরণীতে উল্লিখিত ক-ছ বিষয়ের উপর পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আগামী ১৩ এপ্রিল ২০২৫ তারিখের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

নং-৩৫.০০.০০০০.০২৬.০৬.০০১.২৩-১১৪

তারিখঃ ২৪ চৈত্র ১৪৩১
০৭ এপ্রিল ২০২৫

**বিতরণ: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)**

১. চেয়ারম্যান (গ্রেড-১), বিআরটিএ, বিআরটিএ ভবন, চেয়ারম্যানবাড়ী, নতুন বিমানবন্দর সড়ক বনানী, ঢাকা
২. অতিরিক্ত সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৩. নির্বাহী পরিচালক, ডিটিসিএ, লাভ রোড, তেজগাঁও, ঢাকা-১২০৮
৪. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
৫. চেয়ারম্যান, বিআরটিসি, ২১ রাজউক এভিনিউ, মতিঝিল, ঢাকা
৬. ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা
৭. ব্যবস্থাপনা পরিচালক, বাস র‍্যাপিড ট্রানজিট কোম্পানি লিমিটেড, উত্তরা, ঢাকা
৮. প্রধান নির্বাহী কর্মকর্তা, সড়ক রক্ষণাবেক্ষণ তহবিল বোর্ড, নিউ বেইলী রোড, ঢাকা
৯. যুগ্মসচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১০. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং, সওজ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
১১. উপসচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১২. সম্পত্তি ও আইন কর্মকর্তা, সওজ অধিদপ্তর, প্রধান কার্যালয়/ঢাকা/খুলনা/চট্টগ্রাম জোন
১৩. পরিচালক (নিরীক্ষা ও হিসাব), সওজ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
১৪. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা
১৫. প্রধান বৃক্ষপালনবিদ, সওজ, পাইকপাড়া, মিরপুর, ঢাকা
১৬. সিনিয়র সহকারী সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১৭. সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (কার্যবিবরণী ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
১৮. সহকারী সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১৯. হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

07/04/2025

মো: আব্দুল জব্বার
সিনিয়র সহকারী সচিব
☎২২৩৩৮০৯৬৬
E-mail: dstraco@rthd.gov.bd

CamScanner